

## অপরাধীদের প্রতিরোধ

আপনার বাড়িঘরের নিকটে অপরাধীদের প্রবেশ নিষেধ বলে স্পষ্টভাবে জানালে তাদের নিরুৎসাহিত করা যেতে পারে।

যদি এই নিয়ে উদ্বিগ্ন থাকেন, তাহলে বাড়তি নজরদারির জন্য ডোরবেল ক্যামেরা ব্যবহারের কথা ভাবতে পারেন।

আপনার জানালায় লাগানোর জন্য একটি 'অন্যুত বিক্রেতা নিষিদ্ধ' চিহ্ন টাঙিয়ে রাখুন অথবা স্থানীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে দেখুন তাদের কাছে এই বিষয়ের উপর কোনও স্টিকার আছে কিনা। এছাড়াও আপনি ফ্রেন্ডস অ্যাগেইনস্ট স্ক্যামস (Friends Against Scams)-এর ওয়েবসাইটে গিয়ে নিম্নে দেওয়া উদাহরণগুলির মধ্যে কোনও একটিকে ডাউনলোড করে প্রিন্ট করতে পারেন:

[www.FriendsAgainstScams.org.uk/NCC](http://www.FriendsAgainstScams.org.uk/NCC)



## দোরগোড়ায় ঘটা অপরাধ কী?

দোরগোড়ায় ঘটা অপরাধ বলতে দুর্বৃত্ত ব্যবসায়ী, ভুয়ো আগলুক এবং বিভ্রান্তি সৃষ্টিকারী চুরির মতো অপরাধ বোঝায়। যদিও আমাদের গেটে সৎ আগলুকরাও আসেন, কিন্তু এমন অনেকেই আছেন যারা বাড়িতে থাকা লোকজনকে প্রতারণার শিকার করার চেষ্টা করেন।

এইসব অপরাধের মধ্যে রয়েছে দরজায় এসে মিথ্যা পরিষেবা দেওয়ার প্রস্তাব, পরিষেবা বাবদ অতিরিক্ত অর্থ আদায়, সেইসাথে সৎ মনে হওয়া লোগো বা পরিচয়পত্রের ভুল ব্যবহার।

## পরিসংখ্যান

# 5,728

দোরগোড়ায় আসা বিক্রেতা ও ভুয়ো আগলুকদের বিষয়ে রিপোর্ট হওয়া কেসের সংখ্যা (যুক্তরাজ্য জুড়ে)।

# £34.5 মিলিয়ন

এই সমস্ত ঘটনা থেকে ঘটা সামগ্রিক ক্ষতির পরিমাণ।

# 70-79 80-89

এই দুই বয়স গোষ্ঠীর ব্যক্তিরাই মূলত এই জাতীয় অপরাধের শিকার হয়ে থাকেন।

উপরের তথ্যগুলি NFIB ফ্রড অ্যান্ড সাইবার ক্রাইম ড্যাশবোর্ড-এর রিপোর্ট (1 এপ্রিল 2023 - 30 মার্চ 2024) থেকে প্রাপ্ত



## দোরগোড়ায় ঘটা অপরাধ



দোরগোড়ায় ঘটা অপরাধ বলতে দুর্বৃত্ত ব্যবসায়ী, ভুয়ো আগলুক এবং বিভ্রান্তি সৃষ্টিকারী চুরির মতো অপরাধ বোঝায়। অতিমারির সময়ে, অনেক দুর্বৃত্ত ব্যবসায়ী তাদের কার্যক্রম অনলাইনে সরিয়ে নিয়েছেন।



## আপনি কি একজন মিস্ত্রি

### ভাড়া করতে চান?

অনেক দুর্ভুক্ত ব্যবসায়ী অনলাইনে থেকে নকল প্রোফাইল বানিয়ে উপভোক্তাদের প্রতারণামূলক পরিষেবা দেওয়ার মাধ্যমে নিশানা করে। ফলে সবসময় ভালোভাবে সবকিছু পরীক্ষা করে নেবেন। অনলাইনে বিশ্বস্ত ট্রেডার স্কিমগুলি খোঁজ করার কথা বিবেচনা করতে পারেন অথবা আপনার এলাকায় কী পাওয়া যায় সে বিষয়ে পরামর্শের জন্য আপনার স্থানীয় কর্তৃপক্ষকে জিজ্ঞাসা করতে পারেন।

### ভুক্তভোগীদের নিশানা করা

অপরাধীরা প্রায়ই সেই সময়ে আক্রমণ চালায় যখন তারা মনে করে তাদের শিকার দুর্বল অবস্থায় রয়েছে এবং প্রতারণার শিকার হওয়ার সম্ভাবনা বেশি। অনেকও অনেক পরিস্থিতি রয়েছে যেখানে একজন মানুষ স্বাভাবিকের চেয়ে বেশি অসহায় বোধ করতে পারেন, যেমন কোনো প্রিয়জনের মৃত্যু, কোনও দুর্ঘটনাপূর্ণ আবহাওয়ার পরে বা এমনকি তাড়াছড়ো থাকার সময়।

অপরাধীরা সেই ব্যক্তিদের সুযোগ নিতে পারে যারা প্রথমবারের মতো কোনো মার্কেটপ্লেস ব্যবহার করছেন, যেমন ছাদ মেরামত বা বাড়িঘর সম্প্রসারণের পরিষেবা। বাড়ির মালিকের হয়তো খরচ, মালপত্র এবং সংশ্লিষ্ট নিয়মকানুন সম্পর্কে পূর্ব অভিজ্ঞতা নেই, যার সুযোগ অপরাধীরা নেওয়ার চেষ্টা করবে।



**NATIONAL TRADING STANDARDS**  
Scams Team

## সাধারণ প্রতারণামূলক কৌশল

অপরাধীরা ভুক্তভোগীদের টাকা হাতিয়ে নেওয়া বা তাদের বাড়িতে প্রবেশের জন্য দোরগোড়া এসে বিভিন্ন প্রতারণামূলক কৌশল ব্যবহার করে।

### এই জাতীয় কৌশলগুলির মধ্যে কয়েকটি হল:

- ভুক্তভোগীর কাছ থেকে কাজ বা পণ্যের জন্য অতিরিক্ত চড়া দাম আদায় করা।
- টাকা আদায়ের জন্য ইচ্ছাকৃতভাবে ভুক্তভোগীর সম্পত্তি নষ্ট করা।
- কাজের মান অনেক সময় খারাপ হয়, প্রয়োজনের চেয়ে বেশি সময় নেয়, অথবা কখনোই সম্পূর্ণ হয় না।
- তারা মাঝেমাঝে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা বা দোরগোড়ায় বিক্রেতা সেজে আসতে পারে।

### প্রয়োজনীয় তথ্য

- দোরগোড়ায় অপরাধের শিকার হওয়া উপভোক্তার মানসিক স্বাস্থ্য ক্ষতির ঝুঁকিতে বেশি থাকেন।
- দরজার সামনে ক্যামেরা লাগালে দোরগোড়াতেই প্রতারিত হওয়ার সুযোগ কম করা সম্ভব।
- আপনার বাড়িতে হওয়া চুরির জন্য আপনি আইনত 14 দিনের 'কুলিং অফ' সময়সীমা পাওয়ার অধিকারী।



## অপরাধী এখন অনলাইনেও



এখন যেহেতু বহু লোকজন অনলাইনে মিস্ত্রির খোঁজ করেন, তাই কিছু সংখ্যক অপরাধী তাদের কৌশল পরিবর্তন করেছে।

তারা ট্রেডার ওয়েবসাইটগুলোর মাধ্যমে ভোক্তাদের নিশানা করে, যেখানে তারা প্রোফাইল তৈরি করে ভোক্তাদের সন্ধান করতে পারে এবং বাজারমূল্যের চেয়ে সস্তা দামে পরিষেবা দেওয়ার প্রস্তাব দিয়ে প্রতিক্রিয়া পাওয়ার চেষ্টা করে।

আপনি যদি এমন কোনও অত্যন্ত সস্তা দামের অফার পান, যা আর কেউ দিতে পারবে না, তাহলে তা প্রতারণা হতে পারে।

**তাড়াছড়ো করে সিদ্ধান্ত নেবেন না এবং সর্বদা দ্বিতীয় মতামত গ্রহণ করুন।**

### রিপোর্ট করতে এবং

### পরামর্শ পেতে

ইংল্যান্ড ও ওয়েলস

রিপোর্ট করতে: অ্যাকশন ফ্রড (Action Fraud)-এর সাথে 0300 123 2040 নম্বরে যোগাযোগ করুন।

পরামর্শ পেতে: সিটিজেনস অ্যাডভাইস (Citizens Advice)-এর সাথে 0808 223 1133 নম্বরে যোগাযোগ করুন।

স্কটল্যান্ড

রিপোর্ট করতে: পুলিশ স্কটল্যান্ড (Police Scotland)-এর সাথে 101 নম্বরে যোগাযোগ করুন।

পরামর্শ পেতে: অ্যাডভাইস ডিরেক্ট (Advice Direct)-এর সাথে 0808 164 6000 নম্বরে যোগাযোগ করুন।

নর্দান আয়ারল্যান্ড

রিপোর্ট করতে: অ্যাকশন ফ্রড (Action Fraud)-এর সাথে 0300 123 2040 নম্বরে যোগাযোগ করুন।

পরামর্শ পেতে: কনজিউমারলাইন (Consumerline)-এর সাথে 0300 123 6262 নম্বরে যোগাযোগ করুন।